# বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

# VIDYASAGAR UNIVERSITY

## Question Paper

**B.A. General Examination 2023**

**(Under CBCS Pattern)**

**Semester — II**

**Subject : BENGALI**

**Paper : DSC–1BT/2BT**

( কাব্য কবিতা )

**Full Marks : 60**

**Time : 3 hours**

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

নির্দেশানুসারে সকল বিভাগ থেকে উত্তর দাও।

বিভাগ—ক

নিম্নলিখিত যেকোনো **দশটি** প্রশ্নের উত্তর দাওঃ ২×১০=২০

১. চৈতন্য পূর্ববর্তী ও চৈতন্য পরবর্তী দু'জন করে বৈষ্ণবপদাবলী ধারার কবির নাম লেখো। ১+১

২. পূর্বরাগ কাকে বলে? ২

৩. "হিয়ার পরশ লাগি হিয়া মোর কান্দে।" — কার লেখা, কোন্ পর্যায়ের পদ? ২

৪. "যদি আসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয়" — কার লেখা, কোন্ পর্যায়ের পদ? ১+১

৫. "খলের প্রধান যত, কে আছে তোমার মত" — কার লেখা? এখানে 'খলের প্রধান' বলতে কাকে বোঝানো হয়েছে? ১+১

৬. "মিছে আকিঞ্চন কেন কর ত্রিলোচন!" — কার লেখা, কোন্ পর্যায়ের পদ? ১+১

৭. "কিন্তু নাহি লোভে দাসী বিভব!" — কোন্ প্রসঙ্গে, কে একথা বলেছেন? ১+১

৮. "জনম মম মহা ঋষিকুলে, তবু চণ্ডালিনী আমি?' — কার লেখা, কোন্ কবিতার অংশ? ১+১

৯. "দেখ চিন্তি চিন্তামণি, চেন যদি তারে!" — কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছে? ১+১

১০. "যদি আজ্ঞা দেহ, এবে পরিচয় দিব/সংক্ষেপে।" — কে একথা বলেছে? তার পরিচয় দাও। ১+১

১১. "এখন আমারে লহো করুণা করে।" — কার লেখা, কোন্ কবিতার অংশ? ১+১

১২. "বিধাতার আশীর্বাদে আমি তা সহজে পান করি।" — কার লেখা, কোন্ কবিতার অংশ? ১+১

১৩. "খাদ্যে খাদকে বাদ্যে বাদকে প্রকৃতির ঐশ্বর্য,/ষড়ঋতু ছলে ষড়রিপু খেলে কাম হতে মাৎসর্য।" — কার লেখা, কোন্ কবিতার অংশ? ১+১

১৪. 'শাশ্বতী' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত কবিতা? কাব্যটির প্রকাশকাল লেখো। ১+১

১৫. "বৃষ্টি পড়ে এখানে বারোমাস/এখানে মেঘ গাভীর মতো চরে।" — কবিতাটির নাম ও মূলকাব্যগ্রন্থের নাম লেখো। ১+১

## বিভাগ—খ

নিম্নলিখিত যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৫×৪=২০

১৬. "কন্টক গাড়ি কমল সম পদতল।" — কার লেখা, কোন্ পর্যায়ের পদ? পদটির মূলভাব বিশ্লেষণ করো। ১+১+৩

১৭. মাথুর কাকে বলে? তোমার পাঠ্যের মাথুর পর্যায়ের পদটির ভাবসৌন্দর্য্য বিশ্লেষণ করো। ২+৩

১৮. "তনয়া পরের ধন বুঝেও না বুঝে মন,/হায় হায়, একি বিড়ম্বনা বিধাতার।" — তাৎপর্য লেখো। ৫

১৯. 'বীরাঙ্গনা' কাব্যের 'দশরথের প্রতি কৈকেয়ী' পত্রিকা অবলম্বনে কৈকেয়ীর বীরাঙ্গনা সত্তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

২০. 'আত্মবিলাপ' কবিতাটির মূলভাব লেখো। ৫

২১. 'দুঃখবাদী' কবিতা অবলম্বনে যতীন্দ্রনাথ সেনগুপ্তের দুঃখবাদের স্বরূপ বিশ্লেষণ করো। ৫

## বিভাগ—গ

নিম্নলিখিত যেকোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাওঃ ১০×২=২০

২২. ভাবসম্মিলন কাকে বলে? তোমার পাঠ্যের ভাবসম্মিলন পর্যায়ের পদটির মূলভাব বিশ্লেষণ করো। ২+৮

২৩. আগমনী ও বিজয়া পর্যায়ের পাঠ্যপদ অবলম্বনে মেনকার মাতৃহৃদয়ের ব্যাকুলতার পরিচয় দাও। ১০

২৪. 'নীলধ্বজের প্রতি জনা' পত্রিকা অবলম্বনে জনা চরিত্রের বীরাঙ্গনা সত্তার পরিচয় দাও। ১০

২৫. 'শাশ্বতী' কবিতা অবলম্বনে সুধীন্দ্রনাথের প্রেমচেতনার স্বরূপ বিশ্লেষণ করো। ১০

★★★